# এইসএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

**বাংলা (আবশ্যিক) প্রথম পত্র**     **বিষয় কোড:** ১ | ০ | ১

**সৃজনশীল প্রশ্ন**

**সময়: ২ ঘণ্টা ১০ মিনিট পূর্ণমান: ৬০**

[দ্রষ্টব্য: প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। প্রত্যেক বিভাগ হতে দু'টি করে মোট ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে। গ বিভাগে যে কোনো একটি উপন্যাস থেকে উত্তর করতে হবে। ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

## ক অংশ — গদ্য

১. ▶ অশোখ লেখাপড়া না জানা দরিদ্র রিক্সাচালক। পিতৃ-মাতৃহীন অশোকের চাচাই তার একমাত্র অভিভাবক। অশোকের বিয়ে ঠিক হয় পিতৃহীন অনিলার সাথে। বিয়ের দিন সামান্য বিষয় নিয়ে কনে পক্ষের লোকের সাথে ঝগড়া বাধলে চাচা বর যাত্রী নিয়ে চলে আসলেও বিয়ের আসর থেকে চলে আসেনি। অতঃপর অশোকের সাথে অনিলার বিয়ে হয়।

ক. অনুপম রেলস্টেশনে কী ফেলে গিয়েছিল? ১

খ. নবযৌবন ইহার দেহে মনে কোথাও ভার চাপাইয়া দেয় নাই। ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে অশোকের সাথে 'অপরিচিতা' গল্পের অনুপম চরিত্রের বৈসাদৃশ্য তুলে ধর। ৩

ঘ. উদ্দীপকের অশোকের চাচার মানসিকতা যেন 'অপরিচিতা' গল্পের অনুপমের মামার মানসিকতা একই - যথার্থতা নিরূপণ কর। ৪

২. ▶ নিশ্চিন্তপুর গ্রামের বাসিন্দারা অধিকাংশই কৃষক। নিজেদের তেমন জমি নেই। সামান্য ভাগে অন্যের জমিতে চাষ করে। সারা বৎসর খোরাকি জোটে না তাতে। খেয়ে না খেয়ে দিন যায়। তাদের জীবনে কোন স্বপ্ন নেই। আছে কেবল দুঃখের তাড়না আর সংসারের ঘানি টানা জীবনের দীর্ঘশ্বাস।

ক. অভ্রভেদী শব্দের অর্থ কী? ১

খ. জুটমিলের কর্মচারীদের নবাবী জীবনযাপন প্রাবন্ধিককে ভাবিয়ে তুলতো কেন? ২

গ. উদ্দীপকটি 'চাষার দুক্ষু' প্রবন্ধের যে দিকটি তুলে ধরে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকটি 'চাষার দুক্ষু' প্রবন্ধে একমাত্রা আলোচ্য বিষয় নয়, আরো প্রসঙ্গ আছে। বিশ্লেষণ কর। ৪

৩. ▶ "যখন মতিউর
করাচির খাঁচা ছিড়ে ছুটে গেল

http://teachingbd.com

মহাশূন্যে টি-৩৩ বিমানের
দুর্দম পাখায় তার স্বপ্নের
স্বাধীন স্বদেশ মনে করে
ফেলে তার মাহিন তুহিন মিলি
সর্বস্ব সম্পদ"।

ক. শেখ মুজিবুর রহমান কত সালে জুলিও কুরী পদকে ভূষিত হন? ১

খ. 'মানুষের যখন পতন আসে তখন পদে পদে ভুল হতে থাকে'- লেখক কেন এ কথা বলেছিলেন। ২

গ. উদ্দীপকের মতিউর এর চেতনার সাথে 'বায়ান্ন দিনগুলো' রচনায় শেখ মুজিবের চেতনাগত সাদৃশ্য তুলে ধর। ৩

ঘ. উদ্দীপকে ফুটে ওঠা দিক 'বায়ান্নর দিনগুলো' রচনার সামগ্রিক ভাব ধারণ করতে পেরেছে কী? যথার্থতা নিরূপণ কর। ৪

## খ অংশ — পদ্য

**৪.** ▶ হাসমত আলী শান্তি বাহিনীর সদস্য। মুক্তিযোদ্ধাদের আস্তানা, গ্রামের কোন বাড়িতে যুবক বয়সী ছেলে আছে এসব খবর এনে দেয় পাকবাহিনীর কাছে। পাকবাহিনীর একনিষ্ঠ হিসেবে সব ধরনের সুযোগ ভোগ করে হাসমত আলী।

ক. মেঘনাদ বধ কাব্যের সর্গ সংখ্যা কয়টি? ১

খ. 'পর: পর: সদা'- ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে হাসমত অলী 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতার কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'বিশ্বাসঘাতকেরা সকলের কাছেই ঘৃণিত'-উদ্দীপক ও 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতার আলোকে উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

**৫.** ▶ রতন একসময় মেধাবী ছাত্র ছিল। পিতার মৃত্যুর পর এলাকার খারাপ ছেলেদের সাথে মিশে মাদকাসক্ত হয়ে পড়েছে।

Teachingbd.com
http://teachingbd.com

ক. সুকান্ত ভট্টাচার্যের বাবার নাম কী? ১

খ. আঠারো বছর বয় জানে না কাঁদা- ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে 'আঠারো বছর বয়স' কবিতার কোন দিক ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপক 'আঠারো বছর বয়স' কবিতার সামগ্রিক ভাব ধারণ করতে পারে নি,- বিশ্লেষণ কর। ৪

৬. ▶ আগে কী সুন্দর দিন কাটাইতাম
গ্রামের নওজোয়ান হিন্দু-মুসলমান
মিলিয়া বাউলাগান আর ঘাটুগান গাইতাম

.......................

হিন্দু বাড়িন্ত যাত্রা গান হইত
নিমন্ত্রণ দিত আমরা যাইতাম

ক. পারস্যের অগ্নি উপাসকদের ধর্ম গ্রন্থের নাম কী? ১

খ. 'মগজে হানিছে শূল' - বলতে কী বুঝ? ২

গ. উদ্দীপকটিতে 'সাম্যবাদী' কবিতার যে দিকটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্য কর। ৩

ঘ. উদ্দীপকটি 'সাম্যবাদী' কবিতার খণ্ডাংশ পরিচয় বহন করে- বিশ্লেষণ কর। ৪

## গ অংশ — সহপাঠ

৭. ▶ রাজশাহী বাঘমারা উপটজেলায় পক্ষাঘাতগ্রস্ত রাহেলা বেগমকে চিকিৎসার নামে প্রায় পাঁচ ঘণ্টা কোমর পর্যন্ত মাটিতে পুঁতে রাখে। কবিরাজ আরজ আলী বৃদ্ধাকে সুস্থ করে তুলতে একহাজার টাকা অগ্রিম নেয়।

ক. সকলকে কী বলে সম্বোধন করা মজিদের অভ্যাস? ১

খ. 'তুমি এত দয়ালু খোদা, তবু তুমি কী কঠিন'- কে, কেন একথা বলে? ২

গ. উদ্দীপকের আরজ আলী 'লালসালু' উপন্যাসের মজিদ যে দিক থেকে সাদৃশ্যপূর্ণ তা বুঝিয়ে লেখ। ৩

teachingbd.com

ঘ. উদ্দীপকটি 'লালসালু' উপন্যাসের সামন্য অংশই ধারণ করে - উক্তিটির যৌক্তিকতা নিরূপণ কর। ৪

৮.▶ মজু ব্যাপারি প্রচুর সম্পত্তির মালিক। কিন্তু তার মনে সুখ নেই। কারণ দীর্ঘ পনেরো বছর ঘর সংসার করার পরে ও তিনি বাবা হতে পারেননি। একদা তাদের গ্রামের এক অন্ধ ভিক্ষুক আসে। সবাই মনে করে সে অলৌকিক জ্ঞান সম্পন্ন। তাই মজু ব্যাপারি অন্ধ বিশ্বাসে ভিক্ষুকের কাছে পানি পড়া গ্রহণ করে যেন তার স্ত্রীর সন্তান হয়।

ক. কে পক্ষাঘাতে কষ্ট পাচ্ছে? ১

খ. 'তাই তারা ছোটে, ছোটে- কারা ছোটে? কেন ছোটে? ২

গ. উদ্দীপকের মজু ব্যাপারি 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের প্রতীক? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের মানুষগুলোর অন্ধবিশ্বাস যেন 'লালসালু' উপন্যাসের সাধারণ মানুষদের অনুরূপ"- যথার্থতা নিরূপণ কর। ৪

teachingbd.com

৯.▶




ক. কিলপ্যাট্রিক কোন স্থান থেকে কলকাতায় ফিরে এসেছেন? ১

খ. 'ব্রিটিশ সিংহ ভয়ে লেজ গুটিয়ে নিলেন'- ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে 'সিরাজউদ্দোলা' নাটকের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের ছকটি যেন 'সিরাজউদ্দৌলা' নাটকের মূল চেতনারই পরিপূরক- বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

## বহুনির্বাচনি প্রশ্ন

সময়: ৪০ মিনিট　　পূর্ণমান: ৪০

[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. নবাবের সেনাধ্যক্ষ কে?
ক) উমিচাদ　খ) ওয়ালি খান
গ) মানিকচাঁদ　ঘ) ওয়াটাস

২. ক্লাইভের মতে বিশ্বাসঘাতক হল-
ক) সিরাজউদ্দৌলা　খ) মীরজাফর
গ) উমিচাদ　ঘ) রাজবল্লভ

৩. মীরজাফর তড়ি-ঘড়ি করে দলিলে সই করল কেন?
ক) নবাবের ভয়ে　খ) চুক্তিবন্ধ হওয়ায়
গ) ইংরেজদের চাপে　ঘ) অর্থের আশায়

৪. চোখের কোটারে কাটা সুপারির রং, পা সবুজ, নখ তীব্র লাল। বাক্যটিতে কী মূর্ত হয়েছে?
ক) নারীর সৌন্দর্য　খ) প্রকৃতির সৌন্দর্য
গ) গ্রামের সৌন্দর্য　ঘ) অরণ্যের সৌন্দর্য

৫. কবি দিলওয়ার কোন নদীর কাজল পলিতে পলিতে শীতল হেম হতে চেয়েছেন?
ক) পদ্মা　খ) মেঘনা　গ) যমুনা　ঘ) সুরমা

৬. 'সিরাজউদ্দৌলা' নাটকের তৃতীয় অংকের তৃতীয় দৃশ্যের সময় কোনটি?
ক) ১৭৫৭,২১ জুন　খ) ১৭৫৭,২২ জুন
গ) ১৭৫৭,২৩ জুন　ঘ) ১৭৫৭,২৪ জুন

৭. 'শুনি নাই, রাখি নি সন্ধান'— কবি যার সন্ধান রাখে নি
ক) চৈত্রের　খ) শীতের　গ) বর্ষার　ঘ) বসন্তের

৮. কবি আহসান হাবীবের কবিতায় জীবনঘনিষ্ঠ আশাবাদী চেতনা গড়ে ওঠে-
i. ব্যক্তিগত অনুভূতিতে　ii. ব্যক্তিগত অভিজ্ঞতায়
iii. যুক্তিবিচারে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii　গ) ii ও iii　ঘ) i, ii ও iii

৯. ১৯৫২ সালের ভাষা আন্দোলনে এদেশের মানুষ প্রাণ বিসর্জন দিতে কুণ্ঠিত হয়নি। বাক্যটি আঠারো বছর বয়স কবিতার কোন বাক্যের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ?
ক) এ বছর জানে রক্তদানের পুণ্য
খ) এ বয়সে কানে আসে মন্ত্রণা
গ) এ বয়সে কালো লক্ষ দীর্ঘশ্বাস
ঘ) এ বয়সে প্রাণ তীব্র আর প্রখর

১০. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার মূল বক্তব্য কী?
ক) বাংলার মূলধারার সাহিত্য
খ) দেশমাতৃকার অতীত সংকট
গ) বাঙালির হাজার বছরের ইতিহাস ও ঐতিহ্য
ঘ) দেশমাতৃকার অতীত ও বর্তমান সংকট

১১. স্কুল কলেজের শহীদ মিনার ভেঙে দেওয়ার মধ্য দিয়ে আঘাত করা হয়েছে—
ক) ঐতিহ্যে　খ) চেতনায়
গ) স্বাধীনতায়　ঘ) মননে

১২. 'ঐকতান' কবিতার কবির জীবনযাত্রায় কী বাধা হয়ে আছে?
ক) নিস্তব্ধ ক্ষণ　খ) স্বর সাধনা
গ) বেড়াগুলো　ঘ) কর্মভার

১৩. 'মাসি-পিসির গলা ঝরঝরে'-এর মাধ্যমে কী বোঝানো হয়েছে?
ক) স্পষ্টবাদী　খ) রুক্ষ
গ) মিষ্টভাষী　ঘ) তিক্ততা

১৪. জীবনানন্দ দাশ তার রচনায় যে জগৎ তৈরি করেছিলেন-
i. সূক্ষ্মতা　ii. অনুভবশক্তি
iii. নি:সর্গপ্রীতি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

১৫. কমলাকান্ত যষ্টি ত্যাগ করে কোথায় এলো?
ক) ঘরে　খ) বারান্দায়　গ) উঠানে　ঘ) শয্যায়

নিচের উদ্দীপকটি পড় এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও
মায়মুনা শ্বশুরবাড়ির নির্যাতন সহ্য করতে না পেরে মায়ের কাছে ফিরে এলে সামাজিক মর্যাদার কথা বিবেচনা করে মায়মুনাকে আবার শ্বশুরবাড়ি পাঠিয়ে দেওয়া হয়।

১৬. মায়মুনার সঙ্গে পরিণতির বিষয়ে বৈসাদৃশ্য রয়েছে কার?
ক) দিগম্বরীর　খ) মাতিলদা
গ) কল্যাণীর　ঘ) ফোরস্টিয়ার

১৭. উক্ত বৈসাদৃশ্য স্বরূপ—
i. ব্যক্তিত্ব　ii. আত্মসচেতনতা
iii. দারিদ্র্য
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii　গ) ii ও iii　ঘ) i, ii ও iii

১৮. রোকেয়ার মতে বর্তমানে চাষীর স্ত্রীর রন্ধ্রে রন্ধ্রে কী প্রবেশ করেছে?
ক) অলসতা　খ) শৌখিনতা
গ) বিলাসিতা　ঘ) অর্থলোভ

১৯. কবির চৌধুরী প্রচুর ধনসম্পদের মালিক হলেও গরিব কৃষক বাদলের সঙ্গে মেলামেশা করেন। কবির চৌধুরী ও বাদল 'আহ্বান' গল্পের কাদের কথা স্মরণ করিয়ে দেয়
ক) চক্কোত্তি মশায় ও গোপাল
খ) বুড়ি ও হাজরা
গ) বুড়ি ও গোপাল
ঘ) হাজরা ও জমির করাতি

২০. প্রবন্ধকারের দাসত্ব মুক্তির দিক কোন ইঙ্গিতটি বহন করে?
ক) অন্যের গোলামি ত্যাগ
খ) নিজেই নিজের কর্ণধার
গ) অন্যের বাণীকে বেদবাক্য মানা
ঘ) প্রশংসা লাভের চেষ্টা

নিচের উদ্দীপকটি পড় এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও
আমি পাইলাম, আমি ইহাকে পাইলাম। কাহাকে পাইলাম। এ যে দুর্লভ, এ যে মানবী ইহার রহস্যের কী অন্ত আছে।

২১. উদ্দীপকের মানবী হিসেবে জ্ঞান করা চরিত্রটি 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রকে নির্দেশ করে?
ক) জমিলা　খ) রহিমা
গ) আমেনা　ঘ) তাহেরেরমা

২২. উদ্দীপকের ভাববস্তুতে লালসালু উপন্যাসের কোন দিকটিকে ফুটিয়ে তুলেছেন?
i. মজিদের আশা পূরণের অভিব্যক্তি
ii. জমিলার রহস্যময়তা　iii. মজিদের লালসা তৃপ্তি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii　গ) ii ও iii　ঘ) i, ii ও iii

২৩. উপযুক্ত মর্যাদায় কার লাশ দাফন করতে হবে?
ক) মীর মর্দান　খ) মীর জাফর
গ) মোহনলাল　ঘ) মিরন

http://teachingbd.com

২৪. সিরাজউদ্দৌলার প্রধান গুপ্তচর কে?
ক) নারায়ণ সিংহ খ) মোহম্মদী বেগ
গ) উমিচাদ ঘ) রায়দুর্লভ

**নিচের উদ্দীপকটি পড় এবং ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও**

এমন বেকায়দায় আসনাধীন তুলসী গাছটা দেখতে পাচ্ছ না? উপড়ে ফেলতে হবে ওটা। আমরা যখন এ বাড়িতে এসে উঠেছি, তখন এখানে কোন হিন্দুয়ানির চিহ্ন আর সহ্য করা হবে না।

২৫. উদ্দীপকের ভাব বস্তুর সাথে 'লালসালু' উপন্যাসের কোন দিকটির সাথে মিল রয়েছে?
ক) কুসংস্কার খ) উদারতা
গ) অন্ধগোড়ামী ঘ) সাম্প্রদায়িকতা

২৬. উদ্দীপকের হিন্দুয়ানি চিহ্নের বিষয়টি 'লালসালু' উপন্যাসের দৃষ্টিতে যে বিষয়কে তুলে ধরে-
i. ধর্মীয় গোড়ামী ii. কুসংস্কারাচ্ছন্নতা
iii. ক্ষমতার দাপট
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড় এবং ২৮ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও**

অনেকে দেশের জন্য যুদ্ধ করে শহীদ হয়েছেন। শহীদদের কাছে আমাদের দেশ ঋণী। তাদের সংগ্রামী চেতনা আমাদের নানা কাজে অণুপ্রাণিত করে এজন্য তারা আমাদের কাছে স্মরণীয় ও বরণীয় হয়ে আছেন।

২৭. ফেব্রুয়ারি ১৯৬৯ কবিতায় উদ্দীপকের সংগ্রামী চেতনার প্রতিনিধি কারা?
ক) সর্বস্তরের জনগণ খ) মাঝি
গ) কৃষক ঘ) মৃত রমাকান্ত

২৮. উদ্দীপকটি কবিতার যে ভাবের প্রকাশক-
i. আত্মত্যাগ ii. জীবনগৌরব
iii. দেশপ্রেম
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড় এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও**

বাংলাদেশের জন্ম এক যুদ্ধের মধ্য দিয়ে, যা হলো মুক্তিযুদ্ধ। যুদ্ধের আগে হায়েনার দলের আঘাত হানে এই বাংলায়, দেশের কিছু মানুষ দেশবিরোধী কর্মকাণ্ডে লিপ্ত হয়, রুদ্ধ হয় বাক স্বাধীনতা।

২৯. উপরিউক্ত উদ্দীপকের দেশবিরোধী শব্দটি 'নূরলদীনের কথা মনে পড়ে যায়' কবিতায় ব্যবহৃত হয়েছে-
ক) শকুন বলে খ) বেহায়া বলে
গ) দালাল বলে ঘ) স্পষ্ট বলে

৩০. উদ্দীপকের সাথে 'নূরলদীনের কথা মনে পড়ে যায়' কবিতাটির কোন বিষয়ে স্পষ্টতা রয়েছে
i. চেতনা ii. অত্যাচার
iii. অধিকার হরণ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩১. মেঘনাদ কোথায় যজ্ঞ করেন?
ক) প্রমোদ উদ্যানে খ) নিকুম্ভিলা যজ্ঞাগারে
গ) গঙ্গা ঘাটে ঘ) নিজ আলয়ে

৩২. মানুষ একে অন্যের উপর নিউক্লিয়ার বোমা ফেলেছে এখানে মহাজাগতিক কিউরেটর রচনার আলোকে মানুষের কোন বোধটি অনুপস্থিত হিসেবে বিবেচ্য হবে?
ক) চেতনাবোধ খ) ধর্মবোধ
গ) মনুষ্যত্ববোধ ঘ) ঐশ্বর্যবোধ

**নিচের উদ্দীপকটি পড় এবং ৩৩-৩৪ নং প্রশ্নের উত্তর দাও**

ঝুমা রায় ছিল অনেক উদার। ধনী হলেও তার মধ্যে কোনো অহংকারবোধ ছিল না। যে কেউ তার কাছে সাহায্য-সহযোগিতার জন্য এলে কখনো নিরাশ হয়ে ফিরতে হতো না।

৩৩. উদ্দীপকের ঝুমা রায়ের সাথে নেকলেস গল্পের কোন চরিত্র সাদৃশ্য পূর্ণ?
ক) ফোরসটিয়ার খ) লোইসেল
গ) মসিয়ে ঘ) জর্জ

৩৪. উদ্দীপকের বিষয়বস্তু নেকলেস গল্পের যে দিকটিকে তুলে ধরে-
i. সহযোগিতাপূর্ণ মনোভাব
ii. উদার মানসিকতা iii. উচ্চাভিলাষিতার স্বপ্ন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড় এবং ৩৫ ও ৩৬ নং প্রশ্নের উত্তর দাও**

শোন হে মানুষ ভাই
সবার উপরে মানুষ সত্য তাহার উপরে নাই

৩৫. উদ্দীপকের সাথে সাদৃশ্য রয়েছে তোমার পঠিত কোন কবিতার?
ক) ঐকতান খ) সেই অস্ত্র
গ) নূরুলদীনের কথা মনে পড়ে যায়
ঘ) সাম্যবাদী

৩৬. উদ্দীপক ও উক্ত কবিতার কবি বিশ্বাসী-
i. মানব ধর্মে ii. মানুষের হৃদয়ে
iii. মানবজীবনে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড় এবং ৩৭ ও ৩৮ নং প্রশ্নের উত্তর দাও**

নিমগাছ আমাদের অনেক উপকার করে। এ থেকে আমরা ছাল-পাতা-ডাল নিয়ে নানা ঔষধ তৈরি করি। কিন্তু বিনিময়ে গাছটি আমাদের কাছ থেকে যত্ন পায় না। নির্বিবাদে সবকিছু সহ্য করে যায়।

৩৭. উদ্দীপকটি কোন রচনার সঙ্গে অধিকতর সঙ্গতিপূর্ণ?
ক) সুন্দর অসুন্দর খ) নিবেদন
গ) মেঘনা ঘ) জীবন ও বৃক্ষ

৩৮. সজাতি প্রসজাতি যে দৃষ্টিকোণ থেকে বিবেচ্য-
i. নিঃস্বার্থতা ii. নির্বিবাদ
iii. প্রতিদান
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৯. ভিক্টোরিয়া পার্কের বর্তমান নাম কী?
ক) বলদা গার্ডেন খ) বাহাদুর শাহ পার্ক
গ) ওসমানী পার্ক ঘ) রমনা পার্ক

৪০. আমার ছেলেকে সোজা পেয়ে মেয়েটা জাদু করেছে- এ বাক্যে জাদু শব্দটি যে অর্থ সমর্থন করে-
ক) চমৎকার খ) মনোহর
গ) কৌতুহলোদ্দীপক ঘ) ইন্দ্রজাল

**উত্তর**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | খ | ৩ | ঘ | ৪ | খ | ৫ | ঘ | ৬ | গ | ৭ | খ | ৮ | ঘ | ৯ | ক | ১০ | গ | ১১ | খ | ১২ | গ | ১৩ | খ | ১৪ | ক | ১৫ | ঘ | ১৬ | গ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | গ | ২০ | ক |
| ২১ | ক | ২২ | খ | ২৩ | ক | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | ক | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | গ | ৩০ | ঘ | ৩১ | খ | ৩২ | গ | ৩৩ | ক | ৩৪ | ক | ৩৫ | ঘ | ৩৬ | ক | ৩৭ | ঘ | ৩৮ | ঘ | ৩৯ | ঘ | ৪০ | ঘ |

Teachingbd.com

http://teachingbd.com